



ঢাবির রাজু ভাস্কর্যের পাশে বিস্ফোরণে চাঞ্চল্য, আতঙ্কে শিক্ষার্থীরা



সংগৃহীত ছবি

মঙ্গলবার (২৪ জুন) রাত সাড়ে ১০টার দিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি এলাকার রাজু ভাস্কর্যের পাদদেশে একটি বিস্ফোরণের ঘটনা ঘটে। এতে মুহূর্তেই শিক্ষার্থী ও আশপাশের মানুষদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। প্রত্যক্ষদর্শীরা জানান, একটি মোটরসাইকেলে করে আসা কয়েকজন দুর্বৃত্ত একটি ককটেল বা বড় আকারের পটকার মতো বস্তু বিস্ফোরণ ঘটিয়ে দ্রুত স্থান ত্যাগ করে।

বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. সাইফুদ্দিন আহমেদ বলেন, বিস্ফোরিত বস্তুটি সম্ভবত একটি ককটেল বা উচ্চ শব্দযুক্ত পটকা ছিল, যা উদ্দেশ্যমূলকভাবে আতঙ্ক সৃষ্টির জন্য ছোড়া হয়ে থাকতে পারে। ঘটনার পরপরই পুলিশ ও প্রক্টরিয়াল টিম ঘটনাস্থলে পৌঁছে যায়। আশপাশের সিসিটিভি ফুটেজ বিশ্লেষণ করা হচ্ছে, তবে এখন পর্যন্ত কাউকে আটক করা হয়নি।

বিস্ফোরণের ঘটনাটি এমন এক সময়ে ঘটলো, যখন বহু শিক্ষার্থী ঢাবি কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচন পুনরায় চালুর দাবি জানিয়ে বিভিন্ন কর্মসূচি চালাচ্ছে। ফলে অনেক শিক্ষার্থী এটিকে পরিকল্পিত সন্ত্রাস বা ভয়ভীতির চেষ্টার অংশ হিসেবে দেখছেন। বিস্ফোরণের প্রতিবাদে বাংলাদেশ গণতান্ত্রিক ছাত্র সংসদ (বাগছাস) একটি মিছিল বের করে এবং প্রক্টর কার্যালয়ের সামনে অবস্থান নেয়।

ঘটনায় কেউ আহত না হলেও পুরো এলাকায় আতঙ্কের পরিবেশ সৃষ্টি হয়েছে। বিশ্ববিদ্যালয় প্রশাসন ঘটনার পূর্ণাঙ্গ তদন্তের আশ্বাস দিয়েছে এবং ক্যাম্পাসে নিরাপত্তা জোরদারের উদ্যোগ নেওয়া হয়েছে। শিক্ষার্থী ও শিক্ষক সমাজ দ্রুত অপরাধীদের শনাক্ত করে কঠোর ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছে।